

লাববাইক

মনির হোসেন হেলাল

কতনা শুনেছি কাবার গল্প গুরুজনদের কাছে,
তখন হতেই কাবাকে দেখার সাধ মনে জেগে আছে।
সাদা কালো আর আরব আজমীর নেই কোন ভেদাভেদ,
সাদা কাপড়ের ইহরাম তাই সবারই পরিচ্ছেদ।
দুধের শিশু ইসমাইলের দুফোটা পানির জন্যে,
মা হাজেরা সাফা মারওয়াম ছুটে যায় হয়ে হন্যে।
দুখিনী মায়ের কান্না শুনে খোদার আরশ কাঁপে,
উছলে উঠে আবে জমজম মক্কার মরু তাপে।
প্রতিটি হাজী সাফা মারওয়াম সাঈ করে সমাপন,
জমজমের ঐ শীতল পানিতে জুড়ায় দেহ মন।
লাব্বাইকের মধুর ধ্বনিতে কেঁপে উঠে সারা বিশ্ব,
এক সারিতে তাওয়াকফ করে ধনী গরীব আর নিঃস্ব।
মুসাফিরদের বসতবাটি মিনার ছোড় তাবু,
জামারাতে পাথর খেয়ে শয়তান হয় কাবু।
লাখো হাজীরা জমায়েত হয় খোলা ময়দানে আরাফায়,
নিজের গুনাহ স্মরণ করে খোদার ক্ষমা তারা চায়।
ধন দৌলতের এতো বাহাদুরি সকলই হয় মিছে,
মুয়দালিফায় রাত্রি কাটায় খোলা আকাশের নীচে।
এসো মোরা দুহাত তুলে খোদার কাছে বলি,
“তোমার কাবা না দেখিয়ে নিও নাকো তুলি”।